বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
বোর্ড সচিবালয়
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**নম্বর:** ৪২.০১.০০০০.০২২.৫০.৫০১.২২.৩৮

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
৩১ মে ২০২৪ খ্রিস্টাব্দ

# অফিস আদেশ

ঘূর্ণিঝড় “রেমাল” পরবর্তী স্থল নিম্নচাপের প্রভাবে বিগত কয়েকদিন দেশের অভ্যন্তরে ও ভারতের উজানে বিভিন্ন স্থানে অতি ভারী বৃষ্টিপাতের কারণে দেশের উত্তর-পূর্বাঞ্চলের প্রধান প্রধান নদ-নদীগুলোর পানি সমতল বৃদ্ধি পেয়েছে। এর ফলে উত্তর-পূর্বাঞ্চলীয় এলাকার বিভিন্ন জেলাসমূহ প্লাবিত হয়ে আকস্মিক বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে।

২. সম্ভাব্য পরিস্থিতি বিবেচনায়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সিলেট জোনের নিয়ন্ত্রণাধীণ প্রকল্পসমূহের বাঁধ ও অন্যান্য অবকাঠামোগুলো রক্ষায় এবং আকস্মিক বন্যা পরিস্থিতি মোকাবেলায় সংশ্লিষ্ট জোনের প্রধান প্রকৌশলী তার অধীনস্থ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী এবং অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণের মাধ্যমে নিবিড় যোগাযোগ রক্ষা করতঃ সার্বক্ষণিক তদারকির ব্যবস্থা গ্রহণ করবেন। আকস্মিক বন্যা পরিস্থিতির কারণে উল্লিখিত বাঁধ ও অন্যান্য অবকাঠামোগুলো ক্ষয়ক্ষতি হতে রক্ষার্থে প্রয়োজনীয় প্রস্তুতিসহ সার্বক্ষণিক সাইটে অবস্থান করবেন। এই বিষয়ে স্থানীয় উপজেলা প্রশাসন, জেলা প্রশাসন এবং জনপ্রতিনিধির সাথে যোগাযোগ রক্ষা করে দুর্যোগ মোকাবেলা করবেন।

৩. বর্ণিত সিলেট জোনের নিয়ন্ত্রনাধীন সকল সার্কেল ্ও বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারীগণ সার্বক্ষণিকভাবে কর্মস্থলে উপস্থিত থাকবেন। বিশেষ প্রয়োজনে কোনো কর্মকর্তা-কর্মচারীর দপ্তর ত্যাগের প্রয়োজন হলে সংশ্লিষ্ট উইং এর অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের অনুমোদন সাপেক্ষে দপ্তর ত্যাগ করতে হবে।

৪. এমতাবস্থায়, আকস্মিক বন্যা পরিস্থিতি ও তৎসৃষ্ট দুর্যোগ মোকাবিলার স্বার্থে বাপাউবো’র সিলেট জোনের সকল কর্মকর্তা/কর্মচারীর ছুটি বাতিল করা হলো।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এই দপ্তরাদেশ জারী করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

৩১-০৫-২০২৪
ওবায়দুল ইসলাম
পরিচালক (বোর্ড)

নম্বর:

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
৩১ মে ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান প্রকৌশলী (পুর), উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট।;


২। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট।;

৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (দপ্তরাদেশটি বোর্ডের ্ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো);

৫। নির্বাহী প্রকৌশলী (সকল), উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট। এবং

৬। ব্যাক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পশ্চিম রিজিয়ন/পূর্ব রিজিয়ন/পরিকল্পনা, নকশা ্ও গবেষণা), বাপাউবো, ঢাকা।।



৩১-০৫-২০২৪
অনীক এহ্সান
সহকারী পরিচালক (প্রশাসন)